

# BrisDoc

Patient care by people who care



BrisDoc রোগীদের জন্য  
শ্যাপেরন (অভিভাবক) নির্দেশিকা



## This leaflet is available in your language. Please ask our receptionist.

ਇਹ ਪਰਚਾ ਆਪਣੀ ਭਾਸ਼ਾ ਵਿਚ ਉਪਲਬਧ ਹੈ. ਸਾਡੇ ਰਿਸੈਪਸ਼ਨਿਸਟ ਨੂੰ ਪੁੱਛੋ ਕਰੋ ਜੀ.

یہ کتابچہ آپ کی زبان میں دستیاب ہے. ہمارے استقبالیہ براہ کرم دریافت کریں.

এই প্রচারপত্র আপনার ভাষায় পাওয়া যায়. আমাদের রিসেপশনিস্ট জিজ্ঞাসা করুন.

Ev belavok li zimanê xwe de derbasdar e; Ji kerema xwe ve lêkirin me bipirsin.

Buuggan yar waxaa loogu heli karo luqaddaada. Fadlan weydii naga soo-dhaweeyaha.

هذه النشرة متوفرة في لغتك. رجاء سألت موظف الاستقبال لدينا.

Acest prospect este disponibil în limba dumneavoastră. Vă rugăm să cereți recepționer noastre.

Bu broşür kendi dilinizde mevcuttur. Lütfen resepsiyonistimize sorun.

此宣传册以您的语言提供。请问我们的接待员。

## BrisDoc রোগীদের জন্য শ্যাপেরন (অভিভাবক) নির্দেশিকা

যতক্ষণ আপনি আমাদের তত্ত্বাবধানে থাকবেন, আমরা চাই যে আপনি সাহায্যপ্রাপ্ত, নিরাপদ এবং অবহিত আছেন এমন অনুভব করতে পারেন।

আমাদের তত্ত্বাবধানের অবিচ্ছেদ্য অঙ্গ হল আমাদের রোগীদের গোপনীয়তা এবং মর্যাদা বজায় রাখা।

যদি আপনি মনে করেন যে পরামর্শ নেবার সময় আপনি একজন শ্যাপেরন (অভিভাবক) রাখবেন, অনুগ্রহ করে আমাদের ক্লিনিশিয়ান বা আমাদের রিশেপশনিস্টকে বলুন। যদিও সব অন্তরঙ্গ পরীক্ষা চলাকালীন একজন শ্যাপেরনের (অভিভাবক) উপস্থিতির সুপারিশ করা হয়, তবুও যেকোন পরামর্শের জন্যও একজন শ্যাপেরনের (অভিভাবকের) অনুরোধ করার অধিকার আপনার আছে। অনুগ্রহ করে মনে রাখবেন যে আমাদের ক্লিনিশিয়ানদেরও অধিকার রয়েছে যদি তারা প্রয়োজন মনে করেন তবে কোন পরীক্ষার সময় একজন শ্যাপেরনের (অভিভাবকের) উপস্থিতির জন্য বলতে পারেন।

যদি পরীক্ষক ক্লিনিশিয়ান মনে করেন যে একজন শ্যাপেরন (অভিভাবকের) এর উপস্থিতি আবশ্যিক এবং শ্যাপেরনের (অভিভাবকের) প্রস্তাব আপনার দ্বারা প্রত্যাখ্যাত হয়েছে, তাহলে ক্লিনিশিয়ান পরীক্ষা চালাতে অনিচ্ছুক হতে পারেন। আপনাকে হয়তো একটি ফর্মে স্বাক্ষর করতে বলা হতে পারে যাতে বলা হয়েছে যে তারা একজন শ্যাপেরন (অভিভাবক) প্রত্যাখ্যান করেছেন।

একজন শিশুর পরীক্ষার সময় একজন শ্যাপেরন অবশ্যই উপস্থিত থাকবেন - যিনি হতে পারেন পিতামাতাদের একজন অথবা তত্ত্বাবধায়ক, যদিও এমন কিছু পরিস্থিতি হতে পারে যেখানে সেটা যথাযথ নয়।

আপনি যদি আমাদের সম্পূর্ণ শ্যাপেরন (অভিভাবক) নীতি দেখতে ইচ্ছুক হোন, অনুগ্রহ করে রিশেপশনিস্টকে জিজ্ঞেস করুন।

### একজন শ্যাপেরন (অভিভাবক) কি?

একজন শ্যাপেরন (অভিভাবক) এমন একজন ব্যক্তি যিনি একটি চিকিৎসাসংক্রান্ত পরীক্ষা বা পরামর্শ নেওয়ার সময় আপনি এবং আপনার ক্লিনিশিয়ান উভয়ের সঙ্গী হিসেবে থাকতে এবং সহায়তা করতে সক্ষম।

তাদের সেখানে থাকার আরো একটি কারণ হল রোগীর দ্বারা কোনো ভুল বোঝাবুঝি বা মিথ্যা অভিযোগের ঘটনার ক্ষেত্রে ক্লিনিশিয়ানকে আইনি স্বাক্ষর একটি স্তর প্রদান করা।



### কে একজন শ্যাপেরন (অভিভাবক) হতে পারেন?

আমাদের কর্মীদের মধ্যে কোন একজন সদস্য অথবা আপনার সঙ্গে আসা মানুষদের যেমন আপনার স্বামী, স্ত্রী, সঙ্গী, তত্ত্বাবধায়ক, পিতা বা মাতা বা বন্ধু, এদের মধ্যে থেকেও কেউ শ্যাপেরনের (অভিভাবকের) ভূমিকা পালন করতে পারেন।

শিশুরা শ্যাপেরন (অভিভাবক) হতে পারে না এবং একটি অন্তরঙ্গ স্থানের পরীক্ষার সময় তাদের উপস্থিত থাকা উচিত হয়। একদম ছোট শিশুদের এর মধ্যে ধরা হয় না।

যে ক্ষেত্রে শ্যাপেরন (অভিভাবক) একজন স্বামী, স্ত্রী, সঙ্গী, আত্মীয় বা বন্ধু হয়, তাহলে পরীক্ষার সময় উপস্থিত থাকা এবং আপনার শ্যাপেরন (অভিভাবক) হিসেবে ভূমিকা পালন করার জন্য আপনাকে আপনার সম্মতি প্রদানের জন্য বলা হবে।

অন্তরঙ্গ পরীক্ষা পরিচালনা করার সময় কোন সাংস্কৃতিক বা ধর্মীয় পার্থক্যের ক্ষেত্রে বিশেষ বিবেচনা করা হবে। কিছু অন্তরঙ্গ পরীক্ষা করার সময় বিপরীত লিঙ্গের (অথবা একজন স্বামী/স্ত্রী) পরিবারের সদস্যের উপস্থিত থাকা খুব কঠিন বা অনুপযুক্ত হতে পারে।

কোন চিকিৎসা সংক্রান্ত পরীক্ষার পূর্বে অথবা পরবর্তীকালে যদি প্রয়োজন হয় তবে রোগী এবং ক্লিনিশিয়ানের মধ্যে গোপনীয় বা ব্যক্তিগত কথাপকথনের – যেখানে শ্যাপেরন (অভিভাবক) উপস্থিত থাকবেন না – একটি পৃথক সুযোগের ব্যবস্থা করা যেতে পারে।

## একজন BrisDoc শ্যাপেরনের (অভিভাবকের) কাছ থেকে আপনি কি প্রত্যাশা করতে পারেন?

শ্যাপেরন (অভিভাবক) অবশ্যই তাদের নাম বলে পরিচিতি প্রদান করবেন (অথবা ক্লিনিশিয়ান তাদের পরিচয় প্রদান করবেন)। ক্লিনিশিয়ান তাদের নোটে অবশ্যই শ্যাপেরন (অভিভাবকের) নাম লিখবেন।

তারা পরীক্ষার স্থানের মধ্যে দাঁড়িয়ে থাকবেন, এবং ক্লিনিশিয়ান কি করছেন তা দেখতে সক্ষম হবেন। একটি অন্তরঙ্গ পরীক্ষার সময় শ্যাপেরন (অভিভাবক) কৌচের মাথার দিকে দাঁড়িয়ে থাকতে পারেন এবং যদি পরীক্ষাটি আপনাকে অস্বস্তিকর বা বিচলিত করে থালে তারা আপনাকে জিজ্ঞাস করতে পারে যে আপনি যদি তাদের হাত ধরতে চান যা আপনাকে স্বস্তি এবং আত্মবিশ্বাস প্রদান করে। তারা আপনার অনুমতি ব্যতীত আপনাকে স্পর্শ করবেন না।

যদি শ্যাপেরন (অভিভাবক) এমন কোন আচরণ দেখতে পান যা তারা অনুপযুক্ত বলে মনে করেন, তাদের সেক্ষেত্রে দায়িত্ব আছে কর্মরত ম্যানেজারের কাছে রিপোর্ট করার।

BrisDoc কর্মী সদস্যরা যারা শ্যাপেরন (অভিভাবকের) দায়িত্ব পালন করেন তাদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমন কোন বিরল পরিস্থিতি হতে পারে যে সেখানে উপযুক্ত লিঙ্গের একজন শ্যাপেরন (অভিভাবক) উপস্থিত নেই। এই পরিস্থিতিতে ক্লিনিশিয়ান অবশ্যই আপনার সঙ্গে সমস্যাটি নিয়ে আলোচনা করবেন, এবং যদি যথাযথ হয় তাহলে আপনার সাক্ষাৎকার অন্য কোন সময়ে পুনঃনির্ধারিত করা যেতে পারে অথবা কর্মীদের মধ্যে অন্য কোন সদস্যকে উপলব্ধ করা হতে পারে।